আলমডাঙ্গা ইছেরদাড়ী খাল পুনঃখননের উদ্বোধন

আলমডাঙ্গায় ডি-৫ খাল পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করেন পানি সম্পদ মন্ত্রী শহীদউদ্দিন চৌধুরী এ্যানী। শহীদ জিয়ার অসমাপ্ত কাজ সমাপ্ত করতে খাল পুনঃখনন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। গতকাল শনিবার বেলা আড়াইটার সময় আলমডাঙ্গা উপজেলার বেলগাছী ইউনিয়নের ডামোস-ঘোলদাঁড়ি খাল খনন কর্মসূচির উদ্বোধন করা হয়। উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মিজ লুৎফন নাহার।

প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী শহীদ উদ্দিন এ্যানী বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান স্বনির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে খাল খনন কর্মসূচি হাতে নিয়েছিলেন। তিনি খাল খননের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে চেয়েছিলেন। খাল খননের সঙ্গে সাধারণ মানুষ জড়িত থাকে, যারা হাড়ভাঙা পরিশ্রম করে কৃষিকাজ করে। তারা ফসল উৎপাদন করে, আর তাদের মাধ্যমেই দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়।

তিনি আরও বলেন, তৎকালীন সময়ে শহীদ জিয়াউর রহমান কোনো টেন্ডার করে খাল কাটেননি; স্বেচ্ছাশ্রমের মাধ্যমে খাল খনন করা হয়েছে। আমরা তখন স্কুলের ছাত্র ছিলাম শুনলাম প্রেসিডেন্ট হেলিকপ্টারে করে খাল কাটতে আসছেন। একজন প্রেসিডেন্ট খাল কাটবেন এটা ছিল অবিশ্বাস্য ব্যাপার। কিন্তু আমরা দেখলাম, তিনি কোদাল দিয়ে খাল কেটে ঝুড়ি দিয়ে মাটি ফেলছেন। এভাবেই জিয়াউর রহমান দৃষ্টান্ত স্থাপন করে গেছেন।

তিনি বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া বিগত ১৭ বছর অনেক জুলুম-নির্যাতন সহ্য করে শহীদ জিয়ার অসমাপ্ত কাজ করার চেষ্টা করেছেন। কিন্তু বিগত স্বৈরাচারী ফ্যাসিস্ট সরকার তা করতে দেয়নি। তারা খাল কেটেছে, কিন্তু দৃশ্যত কোনো কাজ খুঁজে পাওয়া যায়নি; শত শত কোটি টাকা লুটপাট করেছে।

শহীদ জিয়ার যোগ্য উত্তরসূরি মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান ৩১ দফা রাষ্ট্র সংস্কারের যে ইশতেহার দিয়েছেন, সেখানে অগ্রাধিকার ভিত্তিতে খাল পুনঃখননের কথা উল্লেখ রয়েছে। আমরা সারা দেশে খাল পুনঃখনন করে দেশকে স্বনির্ভর বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে চাই।

তারেক রহমান বলেছেন “সবার আগে বাংলাদেশ”।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, চুয়াডাঙ্গা পুলিশ সুপার রুহুল কবির খান, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শফিউজ্জামান শরীফ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পশ্চিমাঞ্চলীয় জোনের প্রধান প্রকৌশলী শাহাজান সিরাজ, জিকে সেচ প্রকল্পের প্রকল্প পরিচালক জাহিদুল ইসলাম, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আরিফ আহম্মেদ, চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডের উপবিভাগীয় প্রকৌশলী নাজিম উদ্দিন এবং কাজের ঠিকাদার হেমন্ত কুমার সিংহ রায়।

অনুষ্ঠানটির সঞ্চালনা করেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা পান্না আক্তার। এছাড়া উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাউনাইন টিলু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, সহ-সভাপতি আক্তার হোসেন, বেলগাছী ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ হোসেন, সম্পাদক কামাল হোসেন, যুবদলের নেতা মীর উজ্জ্বল হোসেন ও রফিকুল ইসলাম, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক এমদাদুল হোসেন, ছাত্রদলের নেতা তন্ময় ও শুভ প্রমুখ।

মেহেরপুরে নদ-নদী পুনঃখনন ও পানি সম্পদ ব্যবস্থাপনায় গণশুনানি

মেহেরপুরে নদ-নদী পুনঃখনন ও পানি সম্পদ ব্যবস্থাপনার বিষয়ে প্রকল্প প্রণয়নে গণশুনানি অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৬ মার্চ) বেলা ১১টায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপি নীলকুঠি সংলগ্ন কাজলা নদীর তীরে পানি উন্নয়ন বোর্ডের উদ্যোগে এ গণশুনানি অনুষ্ঠিত হয়।

পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আব্দুল হান্নানের সভাপতিত্বে গণশুনানিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি।

বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, জনস্বাস্থ্য অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেহ উদ্দীন, সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মূয়ীদুর রহমান।

এছাড়াও গণশুনানিতে বক্তব্য রাখেন প্রকৃতি ও পরিবেশবিদ এনামুল আজিম, পৌর কলেজের প্রভাষক আলিম উদ্দীন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

গণশুনানিতে অগ্রাধিকার ভিত্তিতে ডিজাইন অনুযায়ী কাজলা নদী, সেউটিয়াসহ অন্যান্য নদ-নদী ও খাল পুনঃখনন এবং সঠিক পানি সম্পদ ব্যবস্থাপনার দাবি জানানো হয়। স্থানীয় শিক্ষক, সাংবাদিক ও বিশিষ্ট ব্যক্তিরা এ সময় উপস্থিত ছিলেন।